

Case Study

Class - IV

নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

শীতের রাতে ঘাসের উপর, গাছের পাতায়, আমরা শিশির জমতে দেখি। দিনের বেলা সূর্যের উত্তাপে মাটি গরম হয়, সূর্য অস্ত গলে তাপ ছেড়ে দিয়ে ওই মাটি ঠান্ডা হতে থাকে। শীতকালে শেষরাত্রির দিকে ঐ মাটি এতটা ঠান্ডা হয় যে, তার সংস্পর্শে এসে হাওয়ায় জলীয় বাষ্প জ'মে গিয়ে জলের কণার আকারে জমা হতে থাকে ঘাসে ও গাছের পাতায়। এই জলকণাকেই আমরা বলি শিশির। মাটির উপরেও শিশির পড়ে, মাটি ঐ জল শুষে নেয় বলে তা আমরা দেখতে পাই না। কখনো কখনো হাওয়ার ভিতরকার জলীয় বাষ্প খুব ছোট ছোট জলের কণায় জ'মে গিয়ে মাটির কাছে হাওয়ার উপর ভেসে বেড়ায়। একেই বলি কুয়াশা, খুব নিচু মেঘও একে বলা যায়।

i) শীতের রাতে ঘাসের উপর শিশির জমে কেন? a) মাটি গরম হয় বলে b) সূর্য অস্ত গলে c) জলীয় বাষ্প জমে গিয়ে জল কণার আকারে জমা হয় d) মাটি ঠান্ডা হয় বলে

ii) মাটির উপর শিশির দেখতে পাওয়া যায় না কেন? a) মাটি গরম থাকে বলে b) মাটি ঠান্ডা থাকে বলে c) মাটি শীতকালে ভিজে থাকে বলে d) মাটি ঐ জল শুষে নেয় বলে

iii) শিশির কখন পড়ে? a) শীতকালে শেষরাত্রির দিকে b) শীতকালে সকালের দিকে c) শীতকালে দুপুরের দিকে d) শীতকালে বিকালের দিকে

iv) শীতকালে কোন্ দিক থেকে হাওয়া বয়? a) দক্ষিণ দিক b) উত্তর দিক c) পূর্ব দিক d) পশ্চিম দিক

v) কুয়াশা কীভাবে তৈরি হয়? a) শিশির জমে b) বৃষ্টি থেকে c) হাওয়ার ভিতরকার জলীয় বাষ্প ছোটো ছোটো জল কণায় পরিণত হয়ে d) ধোঁয়া থেকে